“নম্রতা যে জিনিসেই থাকে, তাকে তা সুন্দর বানিয়ে দেয় এবং তা যে জিনিস থেকেই বের করে নেওয়া হয়, তাকে তা অসুন্দর বানিয়ে দেয়।’’

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী ‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে
বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “নম্রতা যে জিনিসেই থাকে, তাকে তা সুন্দর বানিয়ে দেয় এবং তা যে জিনিস থেকেই বের করে নেওয়া হয়, তাকে তা অসুন্দর বানিয়ে দেয়।’’
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেছেন, নিশ্চয় কথা ও কাজে নম্রতা, কোমলতা ও ধীরস্থিরতা, কর্মের সৌন্দর্য, পরিপূর্ণতা ও গ্রহণযোগ্যতা বাড়িয়ে দেয়। ব্যক্তি তার প্রয়োজন মিটাতে তা খুবই কার্যকর। পক্ষান্তরে কঠোরতা ও নম্রহীনতা জিনিসকে ত্রুটিযুক্ত করে এবং বিশ্রী করে। তাছাড়া এটি ব্যক্তিকে তার উদ্দেশ্য অর্জনে বাধাগ্রস্ত করে। আর যদিও সে তা অর্জন করে তবে অনেক কষ্টে।

http://sunnah.global/hadeeth/bn/show/5796